# বাগধারা

বাগধারা বা বাগ্বধি মানে 'কথার ধারা বা বুধি'। পৃথিবীর সব ভাষাতেই এমন কতগুলো শব্দ আছে সেগুলো নিছক ব্যাকরণগত বা আভিধানিক অর্থ মাত্র প্রকাশ করে না। এগুলোর অন্তর্নিহিত ভাব বা অর্থই প্রধান। এ জাতীয় শব্দ সমষ্টিকেই বাগধারা বা বাগ্বিধি বলা হয়ে থাকে।

**বাগধারা** শব্দের আভিধানিক অর্থ কথার বচন ভঙ্গি বা ভাব বা কথার ঢং। বাক্য বা বাক্যাংশের বিশেষ প্রকাশভঙ্গিকে বলা হয় বাগধারা। বিশেষ প্রসঙ্গে শব্দের বিশিষ্টার্থক প্রয়োগের ফলে বাংলায় বহু বাগধারা তৈরী হয়েছে। এ ধরনের প্রয়োগের

পদগুচ্ছ বা বাক্যাংশ আভিধানিক অর্থ ছাপিয়ে বিশেষ অর্থের দ্যোতক হয়ে ওঠে।

**যে পদগুচ্ছ বা বাক্যাংশ বিশিষ্টার্থক প্রয়োগের ফলে আভিধানিক অর্থের বাইরে আলাদা অর্থ প্রকাশ করে, তাকে বলা হয় *বাগধারা*।**[১]

বাগধারা ভাষাকে সংক্ষিপ্ত করে, ভাবের ইঙ্গিতময় প্রকাশ ঘটিয়ে বক্তব্যকে রসমধুর করে উপস্থাপন করে। এদিক থেকে বাগধারা বাংলা সাহিত্যের বিশেষ সম্পদ।

বাগধারা গঠনে বিভিন্ন শব্দের ব্যবহারকে শব্দের রীতিসিদ্ধ প্রয়োগও বলা হয়। একে বাগবিধিও বলা হয়ে থাকে।[২]

## বাংলা বাগধারার উদাহরণ

*এখানে বাংলা ভাষার সমস্ত বাগধারার উদাহরণ সন্নিবেশিত করা সম্ভব হয়নি। আপনি এখানে আরও বাগধারা যোগ করে সাহায্য করতে পারেন।*

| বাগধারা | অর্থ |
|---|---|
| **অ ...** | |
| অ আ ক খ | প্রাথমিক জ্ঞান |
| অকাট মূর্খ | জড়বুদ্ধিসম্পন্ন |
| অকাল কুষ্মাণ্ড | অপদার্থ, অকেজো |
| অকালপক্ব | বয়সের তুলনায় বেশি পাকা |
| অকূল পাথার | ভীষণ বিপদ |
| অকূলে কূল পাওয়া | নিরুপায় অবস্থা থেকে উদ্ধার পাওয়া |
| অক্কা পাওয়া | মারা যাওয়া |
| অক্ষরে অক্ষরে | সম্পূর্ণভাবে |
| অগস্ত্য যাত্রা | চিরদিনের জন্য প্রস্থান |
| অগাধ জলের মাছ | সুচতুর ব্যক্তি |
| অগ্নিপরীক্ষা | কঠিন পরীক্ষা |
| অগ্নিশর্মা | নিরতিশয় ক্রুদ্ধ |
| অঘটন ঘটন পটিয়সী | অসাধ্য সাধনে পটু |
| অচলায়তন | গোঁড়ামিপূর্ণ প্রতিষ্ঠান |
| অজমূর্খ | নিরেট বোকা |
| অতি চালাকের গলায় দড়ি | বেশি চালাকির পরিণাম |
| অতি লোভে তাঁতি নষ্ট | অতিরিক্ত লোভ করলে সব হারাতে হয় |
| অথই জল | ভীষণ বিপদ |
| অদৃষ্টের পরিহাস | ভাগ্যের নিষ্ঠুরতা |
| অনধিকার চর্চা | সীমার বাইরে পদক্ষেপ |
| অনুরোধে ঢেঁকি গেলা | অনুরোধে দুরূহ কাজ সম্পন্ন করতে সম্মতি জ্ঞাপন |
| অন্ধকার দেখা | দিশেহারা হয়ে পড়া |
| অন্ধকারে ঢিল মারা | আন্দাজে কাজ করা |
| অন্ধকারে থাকা | কিছু না জানা |
| অন্ধের যষ্টি/ ষষ্ঠি/ নড়ি | একমাত্র অবলম্বন |
| | |

| | |
|---|---|
| অন্নের সংস্থান | জীবিকার উপায় |
| অবস্থা বুঝে ব্যবস্থা | পরিস্থিতি বিবেচনায় কার্যক্রম গ্রহণ |
| অমাবস্যার চাঁদ | দুর্লভ বস্তু |
| অরণ্যে রোদন | নিষ্ফল আবেদন |
| অর্ধচন্দ্র | গলাধাক্কা |
| অল্পবিদ্যা ভয়ঙ্করী | সামান্য বিদ্যার অহঙ্কার |
| অশ্বডিম্ব | অসম্ভব বস্তু |
| অষ্টরম্ভা | কিছুই না পাওয়া |
| অস্থি-চর্মসার | শীর্ণ দেহ |
| অহিনকুল সম্বন্ধ | ভীষণ শত্রুতা |
| অয় বট[৩] | প্রাচীন ব্যক্তি |

# আ ...

| | |
|---|---|
| আঁকুপাঁকু করা | ছটফট করা |
| আঁতিপাঁতি | সবজায়গায় |
| আঁধার ঘরের মানিক | প্রিয় বস্তু |
| আকাশ কুসুম | অসম্ভব কল্পনা |
| আকাশ থেকে পড়া | অপ্রত্যাশিত |
| আকাশ পাতাল | প্রচুর ব্যবধান |
| আকাশ পাতাল ভাবনা | উদ্দেশ্যহীন চিন্তা |
| আকাশ ভেঙে পড়া | ভীষণ বিপদে পড়া |
| আকাশে তোলা | অতিরিক্ত প্রশংসা করা |
| আকাশের চাঁদ | দুর্লভ বস্তু |
| আকাশের চাঁদ হাতে পাওয়া | দুর্লভ বস্তু প্রাপ্তি |
| আক্কেল গুড়ুম | হতবুদ্ধি, স্তম্ভিত |
| আক্কেল সেলামি | নির্বুদ্ধিতার দণ্ড |
| আখের গোছানো | ভবিষ্যৎ গুছিয়ে নেওয়া |
| আগড়ম বাগড়ম | অর্থহীন কথা |
| আগুন নিয়ে খেলা | ভয়ঙ্কর বিপদ |

| | |
|---|---|
| আগুন লাগা সংসার | নষ্ট হচ্ছে এমন সংসার |
| আগুনে ঘি ঢালা | রাগ বাড়ানো |
| আঙুল ফুলে কলাগাছ | হঠাৎ বড়লোক |
| আটকপালে | হতভাগ্য |
| আঠারো আনা | বেশি সম্ভাবনা |
| আঠারো মাসে বছর | দীর্ঘসূত্রতা |
| আতে ঘা | মনে ব্যথা দেওয়া |
| আদা জল খেয়ে লাগা | প্রাণপণ চেষ্টা করা |
| আদার ব্যাপারী | সামান্য বিষয় নিয়ে ব্যস্ত ব্যক্তি |
| আদায় কাঁচকলায় | শত্রুতা |
| আদ্যিকাল | সেকেলে |
| আপন কোলে ঝোল টানা | নিজের স্বার্থ দেখা |
| আপন পায়ে কুড়োল মারা | নিজের অনিষ্ট করা |
| আবোল তাবোল | এলোমেলো কথা |
| আমলে আনা | গুরুত্ব দেওয়া |
| আমড়া কাঠের ঢেঁকি | অপদার্থ |
| আমড়াগাছি করা | তোষামোদ করা |
| আমতা আমতা করা | ইতস্তত করা, দ্বিধা করা |
| আলালের ঘরের দুলাল | অতি আদরে বড়লোকের নষ্ট পুত্র |
| আষাঢ়ে গল্প | আজগুবি কেচ্ছা |
| আষ্টেপৃষ্ঠে | সর্বাঙ্গে |
| আসমান জমিন ফারাক | অনেক প্রভেদ |
| আসর গরম করা | সভাজনদের মধ্যে উদ্দীপনা সৃষ্টি |
| আসরে নামা | কাজে অবতীর্ণ হওয়া |
| আসলে মুষল নেই, ঢেঁকিঘরে চাঁদোয়া | ঠিকমতো ব্যবস্থা গ্রহণের অভাব |
| আস্তানা গাড়া | সাময়িকভাবে কোথাও থাকতে শুরু করা |
| আহ্লাদে আটখানা | অত্যন্ত খুশি |
| আড়ি পাতা | লুকিয়ে কথা শোনা |

# ই ...

| | |
|---|---|
| ইঁচড়ে পাকা | অকালপক্ক |
| ইঁদুর কপালে | নিতান্ত মন্দ ভাগ্য |
| ইতর বিশেষ | পার্থক্য |
| ইতিউতি | এদিক ওদিক |
| ইনিয়ে বিনিয়ে | ঘুরিয়ে ফিরিয়ে |
| ইলশে গুড়ি | গুড়ি গুড়ি বৃষ্টি |
| ইলাহি কাণ্ড | বিরাট আয়োজন |

# ঈ ...

| | |
|---|---|
| ঈদের চাঁদ | আকাঙ্ক্ষিত বস্তু |

# উ ...

| | |
|---|---|
| উঁচু ঘর | স্বচ্ছল পরিবার |
| উজানের কই | সহজলভ্য |
| উঠতে বসতে | যখন তখন |
| উঠতি বয়স | যৌবনের প্রথমদিক |
| উঠবস করা | অপরের ওপর বন্ধুত্ব দেখানো |
| উঠে পড়ে লাগা | দৃঢ় সংকল্প |
| উত্তম মধ্যম (দেওয়া) | প্রহার, পিটুনি |
| উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে | একের দোষ অপরের ওপর চালানো |
| উনিশ বিশ | সামান্য পার্থক্য |
| উভয় সঙ্কট | দুইদিকেই বিপদ |
| উলুখাগড়া | নিরীহ প্রজা |
| উলুবনে মুক্তা ছড়ানো | অস্থানে মূল্যবান দ্রব্য প্রদান |
| উড়নচণ্ডী | অমিতব্যয়ী |
| উড়ু উড়ু করা | অস্থির ভাব |
| | |

| | |
|---|---|
| উড়ে এসে জুড়ে বসা | অনধিকারীর অধিকার |
| উড়ো কথা | গুজব |
| উড়োচিঠি | বেনামী পত্র |
| **ঊ** ... | |
| ঊনপাঁজুরে | দুর্বল, মন্দভাগ্য |
| **এ** ... | |
| এঁটে ওঠা | সমানে পাল্লা নিতে পারা |
| এক কথার মানুষ | কথা রাখে এমন |
| এক গোয়ালের গরু | এক শ্রেণিভুক্ত |
| এক ঢিলে দুই পাখি মারা | এক প্রচেষ্টায় উভয় উদ্দেশ্য সাধন করা |
| এক বনে দুই বাঘ | প্রবল প্রতিদ্বন্দ্বী |
| এক মাঘে শীত যায় না | বিপদ একবারই আসে না |
| এক হাত লওয়া | প্রতিশোধ |
| একক্ষুরে মাথা মুড়ানো | একই স্বভাবের |
| একচোখা | পক্ষপাতিত্ব, পক্ষপাতদুষ্ট |
| একতাই বল | সম্মিলিত শক্তি |
| একাই একশ | অসাধারণ কুশলী |
| একাদশে বৃহস্পতি | সৌভাগ্যের বিষয় |
| এলাহি কাণ্ড | বিরাট আয়োজন |
| এলোপাতাড়ি | বিশৃঙখলা |
| এসপার ওসপার | মীমাংসা |
| **ও** ... | |
| ওজন বুঝে চলা | আত্মসম্মান রক্ষা করা |
| ওত পাতা | সুযোগের অপেক্ষায় থাকা |
| ওলট পালট | বিশৃঙখলা |
| | |

| | |
|---|---|
| ওষুধ পড়া | যথাযোগ্য প্রভাব পড়া |
| ওষুধে ধরা | প্রতিক্রিয়া সৃষ্টি হওয়া |
| **ঔ ...** | |
| ঔষধ ধরা | কাঙ্ক্ষিত ফললাভ |
| ঔষধ পড়া | প্রভাবে পড়া |
| **ক ...** | |
| ক অক্ষর গোমাংস | বর্ণপরিচয়হীন মূর্খ |
| কংস মামা | নির্মম আত্মীয় |
| কচু বনে কালাচাঁদ | অপদার্থ |
| কচ্ছপের কামড় | যা সহজে ছাড়ে না |
| কত ধানে কত চাল | হিসাব করে চলা |
| কথার কথা | গুরুত্বহীন কথা |
| কথায় চিঁড়ে ভেজা | ফাঁকা বুলিতে কার্যসাধন |
| কপাল কাটা | অদৃষ্ট মন্দ হওয়া |
| কপাল ফেরা | সৌভাগ্য লাভ |
| কম্বলের লোম বাছা | অকাজ করা |
| কর্তার ইচ্ছাই কর্ম | প্রভুর নির্দেশে কাজ |
| কলকাঠি নাড়া | কুপরামর্শ দেওয়া |
| কলমের খোঁচা | অসৎভাবে সাধিত আদেশ |
| কলুর বলদ | একটানা খাটুনি |
| কল্কে পাওয়া | পাত্তা পাওয়া |
| কড়ায় গণ্ডায় | সম্পূর্ণ, পুরোপুরি |
| কাঁচা পয়সা | নগদ উপার্জন |
| কাঁচা বাঁশে ঘুণ ধরা | অল্প বয়সে বিগড়ানো |
| কাঁটা দিয়ে কাঁটা তোলা | শত্রু দ্বারা শত্রু নাশ |
| কাঁঠালের আমসত্ত্ব | অসম্ভব বস্তু |
| | |

| | |
|---|---|
| কাকজোছনা | ক্ষীণ চন্দ্রালোক |
| কাকতালীয় | আকস্মিক যোগাযোগ |
| কাকভূষণ্ডী | দীর্ঘজীবী ব্যক্তি |
| কাকস্নান | সংক্ষিপ্ত গোসল |
| কাগজে কলমে | লিখিতভাবে |
| কাছা ঢিলা | অসাবধান |
| কাজের কথা | প্রয়োজনীয় |
| কাজের কাজি | কর্মদক্ষ |
| কাঞ্চনমূল্য | অগ্নিমূল্য |
| কাটা ঘায়ে নুনের ছিটা | যন্ত্রণায় নতুন মাত্রা যোগ করা |
| কাঠখড় পোড়ানো | নানারকম চেষ্টা ও পরিশ্রম |
| কাঠের পুতুল | নির্জীব, অসার |
| কাণ্ডজ্ঞান | উচিত অনুচিত বোধ |
| কান খাড়া করা | মনোযোগী হওয়া |
| কান পাতলা | সহজেই বিশ্বাসপ্রবণ |
| কান ভারী করা | কুপরামর্শ দান |
| কানকাটা | নির্লজ্জ |
| কানামাছি খেলা | শিশুদের খেলা |
| কানে আঙুল দেওয়া | না শোনার চেষ্টা করা |
| কানে মন্ত্র দেওয়া | কুপরামর্শ দান |
| কাপড়ে বাবু | বাহ্যিক সভ্য |
| কুঁড়ের বাদশা | ভয়ানক অলস |
| কুনোব্যাঙ | সীমিত জ্ঞান সম্পন্ন |
| কুপোকাত | পরাজিত |
| কুলকাঠের আগুন | তীব্র জ্বালা |
| কূপমণ্ডুক | ঘরকুনো, সীমাবদ্ধ জ্ঞান সম্পন্ন |
| কেঁচে গণ্ডুষ | পুনরায় আরম্ভ |
| কেঁচো খুঁড়তে সাপ | সামান্য থেকে অসামান্য পরিস্থিতি |
| কেউকেটা | সামান্য |

| | |
|---|---|
| কেতাদুরস্ত | পরিপাটি |
| কেল্লা ফতে করা | কঠিন কাজে সফল হওয়া |
| কৈ মাছের প্রাণ | যা সহজে মরে না |
| কোণঠাসা করা | বেকায়দায় ফেলা |
| কোমর বাঁধা | দৃঢ়সংকল্প |

# খ ...

| | |
|---|---|
| খণ্ড প্রলয় | তুমুল কাণ্ড, ভীষণ ব্যাপার |
| খয়ের খাঁ | চাটুকার |
| খাতির জমা | নিরুদ্বিগ্ন |
| খাল কেটে কুমির আনা | বিপদ ডেকে আনা |
| খিচুড়ি পাকানো | জটিল করা |
| খুঁটির জোর | পৃষ্ঠপোষকের সহায়তা |
| খোশগল্প | আনন্দের কথাবার্তা |

# গ ...

| | |
|---|---|
| গড্ডলিকা প্রবাহ | অন্ধ অনুকরণ |
| গণেশ উলটানো | উঠে যাওয়া, ফেল মারা |
| গণ্ডারের চামড়া | অপমান বা তিরস্কার গায়ে লাগায় না এমন |
| গদাই লস্করি চাল | অতি ধীর গতি, আলসেমি |
| গভীর জলের মাছ | ধূর্ত |
| গরজ বড় বালাই | প্রয়োজনেই জিনিসের গুরুত্ব বোঝা যায় |
| গরিবের ঘোড়ারোগ | অবস্থার অতিরিক্ত চাওয়া |
| গরু খোঁজা করা | তন্নতন্ন করে খোঁজা |
| গলগ্রহ | পরের বোঝাস্বরূপ থাকা |
| গা-ঢাকা দেওয়া | আত্মগোপন করা |
| গা তোলা | নড়েচড়ে ওঠা |
| গাছে কাঁঠাল গোঁফে তেল | প্রাপ্তির পূর্বেই ভোগের আয়োজন |
| | |

| | |
|---|---|
| গাছে তুলে মই কাড়া | আশা দিয়ে আশ্বাস ভঙ্গ করা |
| গায়ে পড়া | অযাচিত |
| গায়ে ফুঁ দিয়ে বেড়ানো | কোনো দায়িত্ব গ্রহণ না করা |
| গায়ের ঝাল ঝাড়া | শোধ লওয়া |
| গুড়ে বালি | আশায় নৈরাশ্য |
| গোঁফ খেজুরে | নিতান্ত অলস |
| গোঁয়ার গোবিন্দ | নির্বোধ অথচ হঠকারী |
| গোকুলের ষাঁড় | বেকার, ভবঘুরে |
| গোদের ওপর বিষফোঁড়া | বিপদের ওপর বিপদ |
| গোবর গণেশ | মূর্খ |
| গোবরে পদ্মফুল | অস্থানে ভালো জিনিস |
| গোবেচারা | নিরীহ ও বোকা |
| গোলক ধাঁধা | জটিল বিষয় |
| গোল্লায় যাওয়া | নষ্ট হওয়া, অধঃপাতে যাওয়া |
| গোড়ায় গলদ | শুরুতে ভুল |
| গৌরচন্দ্রিকা | ভূমিকা |
| গৌরবে বহুবচন | গর্ব করার সুযোগ তৈরি হলে তখন সেই বিষয়ের সঙ্গে যুক্ত বা একাত্ম হয়ে ওঠার প্রবণতামূলক ভণ্ডামি |

# ঘ ...

| | |
|---|---|
| ঘর থাকতে বাবুই ভেজা | সুযোগ থাকতে কষ্ট |
| ঘর ভাঙানো | সংসার বিনষ্ট করা |
| ঘরপোড়া গরু | বেদনাদায়ক অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি |
| ঘরের শত্রু বিভীষণ | অন্যের সঙ্গে হাত মিলিয়ে আপনজনের শত্রু হওয়া |
| ঘাটে এসে তরি ডোবা | কাজের শেষ দিকে এসে বিফল হওয়া |
| ঘাটের মড়া | অতি বৃদ্ধ |
| ঘাম দিয়ে জ্বর ছাড়া | উদ্বেগ-উৎকণ্ঠা থেকে স্বস্তি |
| ঘুঘু দেখেছ, ফাঁদ দেখনি | বড় বিপদ |
| ঘুণাক্ষর | আভাস ইঙ্গিত |

| | |
|---|---|
| ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া | মধ্যবর্তীকে অতিক্রম করে কাজ করা |
| (ঘোড়ার) ঘাস কাটা | বাজে কাজে সময় নষ্ট করা |
| ঘোড়ার ডিম | অস্তিত্বহীন বস্তু |
| ঘোড়ারোগ | সাধ্যের অতিরিক্ত সাধ |

# চ ...

| | |
|---|---|
| চক্ষু চড়কগাছ | বিস্মিত হওয়া |
| চক্ষু ছানাবড়া | অতিশয় বিস্মিত |
| চশমখোর | নির্লজ্জ |
| চাঁদের হাট | আনন্দের প্রাচুর্য |
| চিনির বলদ | ভারবাহী তবে ফল লাভের অংশীদার নয় |
| চোখে অন্ধকার দেখা | দিশেহারা হয়ে পড়া |
| চোখে চোখে রাখা | সতর্ক নজরদারি |
| চোখে ধুলা দেওয়া | ফাঁকি দেওয়া |
| চোখে সরষে ফুল দেখা | বিপদে দিশেহারা হওয়া |
| চোখে সাঁতার পানি | অতিরিক্ত মায়া কান্না |
| চোখের পর্দা | লজ্জা |
| চোখের বালি | চক্ষুশূল |

# ছ ...

| | |
|---|---|
| ছকড়া নকড়া | সস্তা দর |
| ছাই ফেলতে ভাঙা কুলো | অকাজের জন্য অবহেলিত ব্যক্তির প্রয়োজনীয়তা |
| ছাইচাপা আগুন | সুপ্ত প্রতিভা |
| ছাপোষা | অত্যন্ত গরিব |
| ছিঁচকাঁদুনে | অল্পতেই কান্নাকাটি করা |
| ছিনিমিনি খেলা | নষ্ট করা |
| ছুঁচো মেরে হাত গন্ধ করা | সামান্য লাভে দুর্নাম কুড়ানো |
| ছেঁকে ধরা | ঘিরে ধরা |
| | |

| | |
|---|---|
| ছেঁড়া চুলে খোঁপা বাধা | বৃথা চেষ্টা |
| ছেলের হাতের মোয়া | সহজলভ্য বস্তু |
| **জ ...** | |
| জগদ্দল পাথর | গুরুভার |
| জগাখিচুড়ি | বিশৃঙখল |
| জগাখিচুড়ি পাকানো | গোলমাল বাধানো |
| জমজমাট | সরগরম |
| জলে কুমির ডাঙায় বাঘ | উভয় সংকট |
| জিলাপির প্যাঁচ | কুটিলতা |
| **ঝ ...** | |
| ঝাঁকের কই | দলভুক্ত |
| ঝোপ বুঝে কোপ মারা | সুযোগ মত কাজ করা |
| **ট ...** | |
| টইটম্বুর | পরিপূর্ণ |
| টনক নড়া | চৈতন্যোদয় হওয়া, বুঝে ওঠা |
| টাকার কুমির | প্রচুর অর্থের মালিক |
| টাকার গরম | বিত্তের অহঙ্কার |
| **ঠ ...** | |
| ঠাঁট বজায় রাখা | অভাব চাপা রাখা |
| ঠাণ্ডা লড়াই | মনস্তাত্ত্বিক যুদ্ধ |
| ঠুঁটো জগন্নাথ | অকর্মণ্য |
| ঠেলার নাম বাবাজি | চাপে পড়ে কাবু হওয়া |
| ঠোঁটকাটা | বেহায়া, স্পষ্টবাদী |

# ড ...

| | |
|---|---|
| ডান হাতের কাজ | খাওয়া |
| ডুমুরের ফুল | দুর্লভ বস্তু |

# ঢ ...

| | |
|---|---|
| ঢাক ঢাক গুড় গুড় | গোপন রাখার চেষ্টা |
| ঢাকের কাঠি | মোসাহেব |
| ঢি ঢি পড়া | দুর্নাম রটা |
| ঢিমে তেতালা | খুবই মন্থর গতি |

# ত ...

| | |
|---|---|
| তামার বিষ | অর্থের কু-প্রভাব |
| তালকানা | বেতাল হওয়া |
| তালপাতার সেপাই | অত্যন্ত রোগা |
| তাসের ঘর | ক্ষণস্থায়ী বস্তু |
| তিলকে তাল করা | তুচ্ছ ব্যাপারকে বড় করে দেখানো |
| তিলে তিলে | একটু একটু করে |
| তীরে এসে তরী ডোবা | কাজের শেষ দিকে এসে বিফল হওয়া |
| তীর্থের কাক | সাগ্রহে প্রতীক্ষাকারী |
| তুলসী বনের বাঘ | ভণ্ড |
| তুষের আগুন | দুঃসহ যন্ত্রণা |
| তেলেবেগুনে জ্বলে ওঠা | প্রচণ্ড রাগান্বিত হওয়া |

# থ ...

| | |
|---|---|
| থ বনে যাওয়া | স্তম্ভিত হওয়া |
| থই থই | পরিপূর্ণ |

# দ ...

| | |
|---|---|
| দহরম মহরম | ঘনিষ্ঠ সম্পর্ক |
| দা-কুমড়া | ভীষণ শত্রুতা |
| দিনকে রাত করা | মিথ্যাকে সত্য ও সত্যকে মিথ্যা বানানো |
| দিনে দুপুরে ডাকাতি | প্রকাশ্যে ঠকানো |
| দিল্লি দূর অস্ত | লক্ষ্য থেকে অনেক দূর, লক্ষ্যে পৌঁছনো প্রায় অসম্ভব |
| দুধকলা দিয়ে সাপ পোষা | না বুঝে কৃতঘ্ন লোকের উপকার করা |
| দুধে ভাতে থাকা | সচ্ছল থাকা |
| দুধের মাছি | সুসময়ের বন্ধু |
| দুমুখো সাপ | দুজনকে দুরকম কথা বলে পরস্পরের মধ্যে শত্রুতা সৃষ্টিকারী |

# ধ ...

| | |
|---|---|
| ধরাকে সরা জ্ঞান করা | সকলকে তুচ্ছ ভাবা |
| ধরি মাছ না ছুঁই পানি | কৌশলে কার্যোদ্ধার |
| ধর্মপুত্র যুধিষ্ঠির | ভণ্ড |
| ধামাধরা | চাটুকারীতা |
| ধান ভানতে শিবের গীত | অপ্রাসঙ্গিক বক্তব্য |
| ধুন্ধুমার | তুমুল কাণ্ড |
| ধোপদুরস্ত | বাবুয়ানি |

# ন ...

| | |
|---|---|
| ননীর পুতুল | শ্রমবিমুখ |
| নয়ছয় | অপচয় |
| নয়নের মণি | পরম আদরের |
| নাক গলানো | অনধিকার চর্চা |
| নাক সিঁটকানো | অবজ্ঞা করা |
| নাকে খত দেওয়া | প্রায়শ্চিত্ত করা |
| | |

| | |
|---|---|
| নাড়ির টান | মমত্ববোধ |
| নেই আঁকড়া | একগুঁয়ে |

## প ...

| | |
|---|---|
| পগার পার | পলায়ন করা |
| পটল তোলা | মারা যাওয়া |
| পটের বিবি | বিলাসী ও নিষ্কর্মা মেয়ে |
| পথে বসা | সর্বস্বান্ত হওয়া |
| পদ্মপাতার জল | ক্ষণস্থায়ী |
| পরের ধনে পোদ্দারি | অন্যের সম্পদ নিজের কাজে ব্যবহার |
| পাকা ধানে মই দেওয়া | বড় ধরনের ক্ষতি করা |
| পালের গোদা | দলপতি |
| পায়াভারী | অহংকারী |
| পুঁটিমাছের প্রাণ | ক্ষুদ্র প্রাণ |
| পুকুরচুরি | বড় রকমের চুরি |
| পেটে পেটে বুদ্ধি | দুষ্ট বুদ্ধি |
| পোয়াবারো | সৌভাগ্য |

## ফ ...

| | |
|---|---|
| ফপর দালালি | অতিরিক্ত চালবাজি |
| ফাঁক ফোকর | দোষত্রুটি |
| ফুটি-ফাটা | চৌচির হওয়া |
| ফেঁপে ওঠা | হঠাৎ বিত্তবান হওয়া |
| ফোঁড়ন কাটা | টিপ্পনি কাটা |

## ব ...

| | |
|---|---|
| বক ধার্মিক | ভণ্ড সাধু |
| বজ্র আঁটুনি ফস্কা গেরো | অসার আস্ফালন |
| | |

| | |
|---|---|
| বর্ণচোরা/ বর্ণচোরা আম | কপট ব্যক্তি |
| বসন্তের কোকিল | সুসময়ের বন্ধু |
| বাঁ হাতের খেল / কাজ / ব্যাপার | সহজ কাজ; অন্য অর্থে, ঘুষ গ্রহণ |
| বাগে পাওয়া | আওতার মধ্যে পাওয়া |
| বাঘের দুধ/ চোখ | দুঃসাধ্য বস্তু |
| বাজিয়ে দেখা | পরখ করা |
| বাপের বেটা | সাহসী |
| বামন হয়ে চাঁদে হাত | অসম্ভব আশা পোষণ |
| বালির বাঁধ | অস্থায়ী বস্তু |
| বিদ্যার জাহাজ | মূর্খ বা অশিক্ষিত লোক |
| বিনা মেঘে বজ্রপাত | হঠাৎ বিপদে পড়া |
| বিষবৃক্ষ | অনিষ্টকারী |
| বিসমিল্লায় গলদ | শুরুতেই ভুল |
| বিড়াল তপস্বী | ভণ্ড সাধু |
| বুকের পাটা | সাহস |
| বুদ্ধির ঢেঁকি | নিরেট মূর্খ |
| ব্যাঙের আধুলি | সামান্য সম্পদ |
| ব্যাঙের সর্দি | অসম্ভব ঘটনা |

# ভ ...

| | |
|---|---|
| ভরাডুবি | সর্বনাশ |
| ভাবের ঘরে চুরি | আসল উদ্দেশ্য পণ্ড করে শুধু বাইরের ঠাঁট বজায় রাখার প্রবণতা |
| ভিজে বেড়াল | কপটাচারী |
| ভিটেয় ঘুঘু চড়ানো | সর্বস্বান্ত করা |
| ভুঁইফোড় | হঠাৎ বড়লোক |
| ভুষণ্ডির কাক | দীর্ঘজীবী |
| ভূতের বেগার | অযথা শ্রম |

# ম ...

| | |
|---|---|
| মগের মুল্লুক | অরাজক দেশ |
| মণিকাঞ্চন যোগ | উপযুক্ত মিলন |
| মন না মতি | অস্থির মানব মন |
| মশা মারতে কামান দাগা | সামান্য কাজে বিরাট আয়োজন |
| মরার ওপর খাড়ার ঘা | কষ্টের ওপর কষ্ট |
| মাছের মায়ের পুত্র শোক | কপট বেদনাবোধ |
| মাটির মানুষ | সরলপ্রাণ |
| মামাবাড়ির আবদার | চাইলেই পাওয়া যায় এমন |
| মিছরির ছুরি | মুখে মধু অন্তরে বিষ |
| মুখে ফুলচন্দন পড়া | সুসংবাদের জন্য ধন্যবাদ |
| মৌচাকে ঢিল মারা | বিপজ্জনক স্থানে আঘাত করা |

# য ...

| | |
|---|---|
| যক্ষের ধন | কৃপণের কড়ি |
| যত গর্জে তত বর্ষে না | আয়োজনের তুলনায় কম কাজ হওয়া |

# র ...

| | |
|---|---|
| রাঘব বোয়াল | সর্বগ্রাসী ক্ষমতাসীন ব্যক্তি |
| রাবণের চিতা | চির অশান্তি |
| রাশভারী | গম্ভীর প্রকৃতির |
| রুই কাতলা | পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি |

# ল ...

| | |
|---|---|
| লঙ্কাকাণ্ড | তুমুল ঝগড়া |
| লজ্জার মাথা খাওয়া | নির্লজ্জতা |
| লেজে গোবরে অবস্থা | নাজেহাল হওয়া |

| | |
|---|---|
| লেফাফা দুরস্ত | বাইরের ঠাট বজায় রেখে চলেন যিনি |

# শ ...

| | |
|---|---|
| শক্তের ভক্ত নরমের যম | সবলকে ভয় ও দুর্বলকে অত্যাচার করে এমন |
| শাঁখের করাত | উভয় সংকট |
| শাক দিয়ে মাছ ঢাকা | দোষ চাপা দেওয়ার ভুল পদ্ধতি |
| শাপে বর | অনিষ্টে ইষ্ট লাভ |
| শিবরাত্রির সলতে | একমাত্র সম্বল |

# ষ ...

| | |
|---|---|
| ষণ্ডামার্কা | গুণ্ডা প্রকৃতির |
| ষোল আনা | সম্পূর্ণ |
| ষোল কলা | পুরোপুরি |

# স ...

| | |
|---|---|
| সর্ষে ফুল দেখা | বিপদে দিশেহারা হওয়া |
| সাক্ষী গোপাল | নিষ্ক্রিয় দর্শক |
| সাপে-নেউলে | শত্রুতা |
| সুখের পায়রা | সুসময়ের বন্ধু |
| সেয়ানে সেয়ানে | দুই সমান প্রতিদ্বন্দ্বীর মধ্যে |
| সোনার পাথরবাটি | অসম্ভব বস্তু |
| সোনায় সোহাগা | উপযুক্ত মিলন |

# হ ...

| | |
|---|---|
| হ-য-ব-র-ল | উল্টোপাল্টা |
| হস্তীমূর্খ | নিরেট মুর্খ |
| হাটে হাঁড়ি ভাঙা | গোপন কথা প্রকাশ করা |
| হাতটান | চুরির অভ্যাস |

'https://bn.wikipedia.org/w/index.php?title=বাগধারা&oldid=4451227' থেকে আনীত

---

**Al Riaz Uddin Ripon দ্বারা ৬ দিন আগে সর্বশেষ সম্পাদিত**

বিষয়বস্তু CC BY-SA 3.0 -এর আওতায় প্রকাশিত যদি না অন্য কিছু নির্ধারিত থাকে।